গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদপ্তর

শৃঙ্খলা ও তদন্ত শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০১৩.২৬. ৬৮

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ / ১২ মে ২০২৬

বিষয়: জনাব মোহাম্মদ আলী, নিরাপত্তা প্রহরী, শহর সমাজসেবা কার্যালয়, নরসিংদী (বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকায় সংযুক্ত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ০৪/২০২৬ তারিখ ১২/০৫/২০২৬)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আলী, নিরাপত্তা প্রহরী, শহর সমাজসেবা কার্যালয়, নরসিংদীকে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকার ১৮/১১/২০২৫ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.১৯.০০০২.১৮.৪০৫ সংখ্যক আদেশ মূলে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকায় সংযুক্ত করা হয়। এপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা আপনাকে ২৩/১১/২০১৫ তারিখ অব্যাহতি প্রদান করেন। কিন্তু আপনি নির্ধারিত সময়ের পরে উক্ত কার্যালয়ে যোগদানপত্র দাখিল করেন। বিলম্বে যোগদানপত্র দাখিলের বিষয়ে ব্যাখ্যা চাওয়া হলে আপনি অসুস্থতাজনিত মেডিকেল সার্টিফিকেট প্রদর্শনের লক্ষ্যে এবং বিছানাপত্র নিয়ে আসার জন্য ০২ (দুই) দিনের সময় চেয়ে কর্মস্থল ত্যাগ করেন;

যেহেতু, আপনি কর্মস্থল ত্যাগ করার পর হতে আর অফিসে আসেননি এবং কারো সাথে যোগাযোগ করেননি। আপনাকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকার ১৩/০১/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.১৯.০০৩৪.২৫.২৮ সংখ্যক স্মারক, ১৭/০২/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.১৯.০০৩৪.২৫.১৬৭ এবং ০৮/০৩/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.১৯.০০৩৪.২৫.২৩৫ সংখ্যক স্মারক মূলে আপনার স্থায়ী ঠিকানায় ডাকযোগে ৩ (তিন)টি কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং প্রত্যেকটি নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জবাব প্রদান করার নির্দেশনা থাকলেও আপনি কোন কারণ দর্শানোর জবাব প্রদান করেননি, এমনকি সময় বৃদ্ধিরও আবেদন করেননি;

যেহেতু, আপনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩ (খ) ও (গ) অনুযায়ী স্বীয় দায়িত্বপালনে অবহেলা ও অসদাচরণ এবং পলায়ন মূলক অপরাধ করেছেন উল্লেখ করে আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ০২/০৪/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.১৯.০০৩৪.২৫.২৮৭ সংখ্যক স্মারকপত্র মূলে অনুরোধ করেন;

যেহেতু, আপনার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোহাম্মদ আলী কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

১২.০৫.২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোহাম্মদ আলী
নিরাপত্তা প্রহরী
শহর সমাজসেবা কার্যালয়, নরসিংদী
(বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকায় সংযুক্ত)।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০১৩.২৬. ৮৮(১২)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ / ১২ মে ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুনরোড, মোহাম্মদপুর, ঢাকা।

৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নরসিংদী।

৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ)।

৮. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নরসিংদী।

৯. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, নরসিংদী।

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০

অভিযোগ বিবরণী

জনাব মোহাম্মদ আলী, নিরাপত্তা প্রহরী, শহর সমাজসেবা কার্যালয়, নরসিংদীকে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকার ১৮/১১/২০২৫ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.১৯.০০০২.১৮.৪০৫ সংখ্যক আদেশ মূলে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকায় সংযুক্ত করা হয়। এপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা তাকে ২৩/১১/২০১৫ তারিখ অব্যাহতি প্রদান করেন। কিন্তু তিনি নির্ধারিত সময়ের পরে উক্ত কার্যালয়ে যোগদানপত্র দাখিল করেন। বিলম্বে যোগদানপত্র দাখিলের বিষয়ে ব্যাখ্যা চাওয়া হলে তিনি অসুস্থতাজনিত মেডিকেল সার্টিফিকেট প্রদর্শনের লক্ষ্যে এবং বিছানাপত্র নিয়ে আসার জন্য ০২ (দুই) দিনের সময় চেয়ে কর্মস্থল ত্যাগ করেন।

তিনি কর্মস্থল ত্যাগ করার পর হতে আর অফিসে আসেননি এবং কারো সাথে যোগাযোগ করেননি। তাকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকার ১৩/০১/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.১৯.০০৩৪.২৫.২৮ সংখ্যক স্মারক, ১৭/০২/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.১৯.০০৩৪.২৫.১৬৭ এবং ০৮/০৩/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.১৯.০০৩৪.২৫.২৩৫ সংখ্যক স্মারক মূলে তার স্থায়ী ঠিকানায় ডাকযোগে ৩ (তিন) টি কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং প্রত্যেকটি নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জবাব প্রদান করার নির্দেশনা থাকলেও তিনি কোন কারণ দর্শানোর জবাব প্রদান করেননি, এমনকি সময় বৃদ্ধিরও আবেদন করেননি।

তার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

২৫.০৫.২০২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)